দৈনিক ইনকিলাব

তারিখ ... ... JAN. 29 2000 ...
পৃষ্ঠা ১১ কলাম ... ৪ ...

33

## পাঠ্য পুস্তকের জটিলতা সম্পর্কে

নতুন শহস্রাব্দের শুরুতেই পাঠ্য পুস্তকের জটিলতায় পতিত হয়েছে দেশ। বিভিন্ন পত্র-পত্রিকায় ২০০০ সনের পাঠ্যসূচী পরিবর্তিত হচ্ছে বলে বেশ লেখালেখি হলো। অথচ দেশের কোন লাইব্রেরীতে নতুন পুস্তক নেই এমনকি নতুন বই ছাপা হয়েছে বলে কোন খবরও পাওয়া যাচ্ছে না। এমতাবস্থায় শিক্ষিত মহলে এ বছরের শিক্ষা নিয়ে উদ্বেগ লক্ষ্য করা যাচ্ছে। ১৯৯৭ সনে পরিবর্তিত পাঠ্য সূচীর বই ছাত্রদের হাতে পৌঁছায় প্রায় বছরের শেষার্ধে। এবার তারও লক্ষণ দেখা যাচ্ছে না। আবার পুরাতন বই অনুযায়ী পাঠদান করা যাবে কিনা তারও সুস্পষ্ট ব্যাখ্যা /ঘোষণা সরকার দিচ্ছে না। এগুলো কি সরকারের ব্যর্থতা নয়? আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ ব্যাপারে সুস্পষ্ট ঘোষণা দিবেন।

-শিকদার মিরুজ্জামান
প্রধান শিক্ষক,
আলাউদ্দিন খান বালিকা উচ্চ বিদ্যালয়, কাপাসিয়া, গাজীপুর।